দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 18 APR 1998 ...
পৃষ্ঠা 1 কলাম 8

# কৃষি ভার্সিটির বিশেষ সমাবর্তন আজ ॥ বোরলগকে ডিএসসি ডিগ্রী দেবেন প্রধানমন্ত্রী

**কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা** ॥ আজ শনিবার কৃষি বিশ্ববিদ্যালয়ের বিশেষ সমাবর্তন অনুষ্ঠিত হচ্ছে। কৃষি বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করতে আজ সকালে হেলিকপ্টারযোগে

*(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)*

## কৃষি ভার্সিটির

*(প্রথম পাতার পর)*

কৃষি বিশ্ববিদ্যালয়ে আসছেন। প্রধানমন্ত্রী কৃষি বিশ্ববিদ্যালয় স্টেডিয়ামে নেমে সরাসরি চ্যান্সেলরের শোভাযাত্রায় অংশ নেবেন। শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে সমাবর্তনের মূল অনুষ্ঠান হবে। আজকের বিশেষ সমাবর্তনে প্রখ্যাত কৃষি বিজ্ঞানী সবুজ বিপ্লবের জনক বলে পরিচিত ডঃ নরম্যান আর্নেস্ট বোরলগকে সম্মানসূচক ডিএসসি ডিগ্রী প্রদান করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

ডঃ বোরলগ কৃষিক্ষেত্রে অসাধারণ আবিষ্কারের স্বীকৃতিস্বরূপ ১৯৭০ সালে নোবেল শান্তি পুরস্কার লাভ করেন। তিনিই একমাত্র কৃষি বিজ্ঞানী যিনি এ দুর্লভ সম্মানের অধিকারী হন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর পৃথিবী জুড়ে যখন তীব্র খাদ্যাভাব চলছিল তখন ডঃ বোরলগের আবিষ্কৃত উচ্চ ফলনশীল ধান, গম ও ভুট্টার ব্যাপক আবাদের মাধ্যমে বিশ্বের কোটি কোটি নিরন্ন মানুষের মুখে হাসির ফল্গুধারা বইয়ে দেয়া সম্ভব হয়। বিশ্বশান্তির প্রেক্ষাপটে এ এক নজিরবিহীন ঘটনা। ডঃ আর্নেস্ট বোরলগ বর্তমানে যুক্তরাষ্ট্রের টেক্সাস এ এন্ডএম বিশ্ববিদ্যালয়ের খণ্ডকালীন অধ্যাপক। তিনি বুধবার বাংলাদেশ সফরে এসেছেন।

সমাবর্তনের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। অপরূপ সাজে সাজানো হয়েছে শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনকে। ঝকঝক করছে ক্যাম্পাস। কৃষি অনুষদীয় করিডোর থেকে চ্যান্সেলরের শোভাযাত্রা শুরু হবে। শোভাযাত্রায় ৩৪৮ জন শিক্ষক অংশ নেবেন। সমাবর্তনকে কেন্দ্র করে ব্যাপক নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। নির্ধারিত নিরাপত্তা জোনের ভিতরে সর্বসাধারণের প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে। ছাত্ররা সমাবর্তন অনুষ্ঠান দেখতে পারবে না।

২০ ডিসেম্বর চতুর্থ সমাবর্তনের পর মাত্র তিন মাসের মধ্যে একটি বিশেষ সমাবর্তন অনুষ্ঠানের আয়োজন করে বর্তমান উপাচার্য ডঃ মুহাম্মদ হোসেন সবাইকে তাক লাগিয়ে দিয়েছেন। এবার সমাবর্তনের পর প্রধানমন্ত্রী কোন জনসভা করবেন না। সরাসরি ঢাকা ফিরে যাবেন। কৃষি বিশ্ববিদ্যালয়ের ৩৭ বছরের ইতিহাসে একটি প্রথম বিশেষ সমাবর্তন।